গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.dbla.gov.bd

নং: ১০.০৭.০০০০.০০১.২৭(১).০৫.২০১৮-৩৩৫ তারিখঃ ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

**বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব শাফিকুল ইসলাম, জারিকারক, জামালপুর (বর্তমানে জারিকারক, শেরপুর) আপনার বিরুদ্ধে জামালপুর জেলা লিগ্যাল এইড অফিসে অভিযোগ পাওয়া গেছে যে,

২। আপনি জামালপুর লিগ্যাল এইড অফিসের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক শেখ আব্দুর শফিক (বর্তমানে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, খাগড়াছড়ি) এবং ক্লিনার (পরিচ্ছন্নতাকর্মী) হারুন-অর-রশিদ (বর্তমানে অফিস সহায়ক, প্রধান কার্যালয়) এর সহিত পরস্পর যোগসাজশে সদর আমলী আদালত, জামালপুরের সি.আর. মামলা নং-১৬৬৩ (১)/২০২৫, যার লিগ্যাল এইড নিবন্ধন নং-৯৯৩/২৫ সংক্রান্ত নথি গোপন ও সরিয়ে ফেলার চেষ্টা করেন। পরবর্তীতে বিষয়টি নিয়ে বিভিন্ন পর্যায়ে চাপ প্রয়োগ ও অনুসন্ধান অব্যাহত থাকলে আপনি অত্র অফিসে উপস্থিত হয়ে ম্যাজিস্ট্রেট বিল্ডিংয়ের বাথরুমের ছাদের উপর থেকে উক্ত নথি উদ্ধার করে জেলা লিগ্যাল এইড অফিস, জামালপুরে জমা প্রদান করেছেন। আপনার এহেন আচরণ অসদাচরণের সামিল।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না, সে বিষয়ে এই নোটিশ প্রাপ্তির তারিখ হতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আপনার সন্তোষজনক কারণ লিখিতভাবে দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে অত্র কারণ দর্শানোর নোটিশ জারি করা হলো।

10-8-26

**(রিফাত আরা সুলতানা)**
সহকারী পরিচালক (প্রশাসন)
(সিনিয়র সিভিল জজ)
ফোন: ০২-৪১০৩২২৯৪(অ:)

**জনাব শাফিকুল ইসলাম**
জারিকারক
জেলা লিগ্যাল এইড অফিস, জামালপুর।
(বর্তমান জারিকারক, জেলা লিগ্যাল এইড অফিস, শেরপুর)

**জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**
১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং জেলা ও দায়রা জজ, জামালপুর/শেরপুর।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৫। জেলা লিগ্যাল এইড অফিসার, জামালপুর/শেরপুর।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৮। কোর্ট অফিসার, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
৯। সংশ্লিষ্ট ফাইল/গার্ড ফাইল।